

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট  
প্রকাশনা ও জনসংযোগ শাখা

...

সভাপতি	মোঃ আজহারুল আমিন অতিরিক্ত পরিচালক
সভার তারিখ	২৪/০২/২০২২ খ্রিঃ
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ (দ্বিতীয় তলা)
উপস্থিতি	উপস্থিতি তালিকা অনুযায়ী

গত ২৪/০২/২০২২খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

গত ২৪/০২/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় বিএলআরআই-এর অতিরিক্ত পরিচালক মোঃ আজহারুল আমিন-এর সভাপতিত্বে ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে (দ্বিতীয় তলা) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা উপস্থিতির তালিকা-এ সংযুক্ত করা হলো।


সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে জনাব দেবজ্যোতি ঘোষ, তথ্য কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার আলোচনা ও সিদ্ধান্ত সম্পর্কে আলোচনা করেন। এরপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করা হয় এবং সভায় উপস্থিত সদস্যগণ নিজেদের পরামর্শ ব্যক্ত করেন। সভাপতি মহোদয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে সিটিজেন চার্টার সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য দিক-নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।

সভায় নিম্নোক্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় –

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	প্রয়োজনীয় সকল পরিবর্তনসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০২	মার্চ'২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর উপর একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ
০৩	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রয়োজনীয় সংশোধনী আনার বিষয়ে সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০৪	আঞ্চলিক কেন্দ্রসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও স্থাপনের লক্ষ্যে আঞ্চলিক কেন্দ্রের ইনচার্জগণকে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

০৫	বিভিন্ন সেবা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় আবেদনের নমুনা আবেদনপত্র তৈরি করে ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করা ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর সাথে লিংক সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
০৬	পূর্ববর্তী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর পরিবর্তে সংশোধিত ও হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সামনে প্রদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আজহারুল আমিন  
অতিরিক্ত পরিচালক

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০৬.৯৯.০০১.২০.৩৬

তারিখ: ৮ চৈত্র ১৪২৮

২২ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৪) পিএ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট



দেবজ্যোতি ঘোষ  
তথ্য কর্মকর্তা